গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
বেগমগঞ্জ, নোয়াখালী
dss.begumganj.noakhali.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৭৫০৭.০০০.০০০.১১.০০০১.২৬. ৯৯০ তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ বাংলা / ২১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

# তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত "ফ্যামিলি কার্ড" প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা ২০২৬" অনুসারে দেশব্যাপী আগামী ১ আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ লক্ষ্যে বেগমগঞ্জ উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী বা জরিপকারী ও সুপারভাইজার নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে (শুমারি সময়ের জন্য) তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রম | কাজের ধরণ | অগ্রাধিকারমূলক বৈশিষ্ট্য | আবেদনের যোগ্যতা | অযোগ্যতা | প্রয়োজনীয় ডকুমেন্টস |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী বা জরিপকারী (১৮০ জন, কম বেশি হতে পারে) | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক/তদূর্ধ্ব ডিগ্রিধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ন্যুনতম এইচএসসি বা সমমান<br>খ) বয়স: ১৮-৪০ বছর<br>গ) ট্যাবলেট/স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার বাসিন্দা বা ঐ এলাকার ভৌগলিক অবস্থা সম্পর্কে বাস্তবিক জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম | ক) ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি<br>খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (২ কপি) |
| ০২ | সুপারভাইজার (প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) প্রতিটি গণনা এলাকা শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re- check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা লিংক ও আপডেট | ক) ন্যুনতম ব্যাচেলর ডিগ্রি বা সমমান<br>খ) বয়স : ২৫-৪০ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব এ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা। | | |

০২। আবেদন ফরম প্রাপ্তির ও দাখিলের স্থান: উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী হতে সরাসরি অথবা উপজেলা সমাজসেবা কার্যালয়ের ওয়েবসাইটে (dss.begumganj.noakhali.gov.bd) পাওয়া যাবে এবং ২৪ জুলাই ২০২৬ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সরাসরি উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা প্রদান করতে হবে।

| ব্যবহারিক পরীক্ষার সময় | শর্তাবলী |
|---|---|
| ক) তথ্য সংগ্রহকারী<br>তারিখ ২৫/০৭/২০২৬<br>সকাল ০৯.০০ ঘটিকা<br><br>খ) সুপারভাইজার<br>তারিখ ২৫/০৭/২০২৬<br>দুপুর ০২.০০ ঘটিকা | ১) তথ্য সংগ্রহকারীগণ শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।<br>২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যুনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।<br>৩) তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে। কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।<br>৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবেনা।<br>৫) ট্যাবলেট যত্নসহকারে সংরক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য<br>৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক<br>৭) ট্যাবলেট শুমারি শেষে অক্ষতভাবে প্রত্যাবর্তন করতে হবে।<br>৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড প্রাপ্তির প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।<br>৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে। |

21/07/26

মো. কায়েসুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
বেগমগঞ্জ, নোয়াখালী

স্মারক নম্বর: ৪১.০১.৭৫০৭.০০০.০০০.১১.০০০১.২৬. ১৯০                তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ বাংলা / ২১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থার গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য, নোয়াখালী-৩
২। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা
৩। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড কর্মসূচি, সমাজকল্যাণ মন্ত্রণালয়
৪। পরিচালক, সামাজিক নিরাপত্তা কর্মসূচি, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা
৫। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম
৬। জেলা প্রশাসক, নোয়াখালী
৭। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী
৮। উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী
৯। জনাব/বেগম ......................................সদস্য, ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ বাস্তবায়ন কমিটি, বেগমগঞ্জ, নোয়াখালী
১০। উপজেলা আইসিটি অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১১। চেয়ারম্যান (সকল), .........................................ইউনিয়ন পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী
১২। ফিল্ড সুপারভাইজার/ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী
১৩। অফিস কপি

২১/০৭/২৬

নাছরুল্যাহ আল মাহমুদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
বেগমগঞ্জ, নোয়াখালী
মোবাইলঃ ০১৭০৮৪১৪৮২৬